# উপজেলা পরিষদ কার্যালয়
# সিলেট সদর, সিলেট।

সিলেট সদর উপজেলার ৫ম পরিষদের ৩৯ তম মাসিক সাধারণ সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : জনাব আশফাক আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট।
তারিখ : ২৮-০৭-২০২২ খ্রিঃ।
সময় : সকাল ১০.০০ ঘটিকায়।

সভায় উপস্থিতি ও অনুপস্থিতি ঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার শুরু করেন। আলোচনার শুরুতে অদ্য সভার সভাপতি বলেন করোনা মুক্ত হয়ে সকলের দোয়ায় ও আল্লাহর রহমতে মাসিক সভা করতে পারছি। তিনি সবাইকে ঈদ উল আযহার শুভেচ্ছা জ্ঞাপন করেন। চার বছর পর ঈদগাহে ঈদের নামাজ আদায় করার জন্য সৃষ্টিকর্তার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রমিক নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন। | উপজেলা নির্বাহী অফিসার সিলেটে সাম্প্রতিক বন্যা মোকাবিলায় সকলের সার্বিক সহযোগিতা প্রদান করায় সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন এই সভা চলতি অর্থবছরের প্রথম সভা অতপর: তিনি বিগত সভার কার্যবিবরণি সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবরণির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিগত সভার কার্যবিবরণিতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং দৃঢ়ীকরণ করা হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার |
| ০২ | বিভাগীয় অগ্রগতি পর্যালোচনাঃ- | | | |
| স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | | আলোচনাকালে উপ-সহকারী প্রকৌশলী, সিলেট সদর জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচী ও উন্নয়ন তহবিলে আওতায় গৃহীত প্রকল্পের কার্যক্রম অগ্রগতি ৫০%। আগস্ট মাসের মধ্যে কাজ শেষ করা যাবে। তিনি উপজেলা চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ ও সভাকক্ষ ইনটেরিয়র ডিজাইন ও দরজা মেরামত কাজের দরপত্র আহবান করা হয়েছে, আগামী মাসে কাজ শুরু করা যাবে। তিনি বলেন বিগত ৩৫ তম মাসিক সভায় উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়াল নির্মাণ প্রকল্পের প্রাক্কলিত ৩,৮৬,৪১৮/-(তিন লক্ষ ছিয়াশি হাজার চারশত আটারো)টাকা গত অর্থবছরে নির্ধারিত সিলিং অতিক্রম করায় বিল প্রদান করা হয়নি। তিনি চলতি অর্থবছরে উক্ত বিল প্রদানের প্রস্তাব করেন। তিনি এসঙ্গে উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কাজের অবশিষ্ট বিল চলতি বছরে প্রদানের প্রস্তাব করেন।<br><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট দ্রুত উপজেলা পরিষদ জামে মসজিদের দরপত্র আহবানের প্রস্তাব করেন।<br>মহিলা ভাইস চেয়ারম্যান, সদর, সিলেট তাহার অফিসের বাতরুম সংস্কার করার প্রস্তাব করেন।<br>উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিলেট উপজেলা পরিষদ বাসাবাড়ির জরুরী সংস্কার কাজের, তথ্য আপা অফিস সহ | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.২) গত অর্থবছরে ব্যয়কৃত উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের বাউন্ডারী ওয়াল নির্মাণ প্রকল্পের প্রাক্কলিত ৩,৮৬,৪১৮/-(তিন লক্ষ ছিয়াশি হাজার চারশত আটারো)টাকা এবং উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামত কাজের অবশিষ্ট বিল চলতি বছরে প্রদানের প্রস্তাব করেন।<br><br>১.৩) জরুরী ভিত্তিতে উপজেলা পরিষদ জামে মসজিদ মার্কেটের দরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>১.৪) মহিলা ভাইস চেয়ারম্যানের অফিসের বাতরুম, উপজেলা পরিষদ বাসাবাড়ী সহ বিভিন্ন অফিসের জরুরী সংস্কার/মেরামত কাজের প্রাক্কলন প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী/সিলেট সদর, সিলেট। |

| | | | |
|---|---|---|---|
| | অন্যান্য অফিসের জরুরী সংস্কার কাজের প্রাক্কলন প্রস্তুতের জন্য প্রস্তাব উপস্থাপন করেন ।<br>সহকারী প্রকৌশলী, সদর, সিলেট বলেন বন্যায় এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত মোগলগাঁও ইউপির ১নং প্রকল্প মোগলগাঁও নোয়াগাঁও কালবার্ড নির্মাণ প্রকল্পটি বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে না। তিনি এর পরিবর্তে মোগলগাঁও ৭ নং ওয়ার্ডের নোয়াগাঁও পূর্বপাড়া পাঞ্জেখানা মসজিদের ছাঁদ ঢালাই প্রকল্পটি অর্ন্তভূক্ত করার প্রস্তাব করেন এবং কান্দিগাঁও ইউপির ৫নং প্রকল্প মাঝমিরেরগাঁও মসজিদ উন্নয়ন এর পরিবর্তে মিরেরগাঁও নয়াপাড়া জামে মসজিদের উন্নয়ন প্রকল্পটি অর্ন্তভূক্ত করার প্রস্তাব করেন ।<br>আলোচনাকালে উপস্থিত জালালাবাদ, হাটখোলা, খাদিমনগর, টুকেরবাজার, মোগলগাঁও, কান্দিগাঁও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান একই বক্তব্য সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্থ রাস্তা ঘাট, ব্রীজ দ্রুত সংস্কার/ মেরামতে ব্যবস্থা গ্রহণ করতে হবে । | ১.৫) এডিপি ও উন্নয়ন তহবিলের আওতায় গৃহীত মোগলগাঁও ইউপির ১নং প্রকল্প মোগলগাঁও নোয়াগাঁও কালবার্ড নির্মাণ এর পরিবর্তে মোগলগাঁও ৭ নং ওয়ার্ডের নোয়াগাঁও পূর্বপাড়া পাঞ্জেখানা মসজিদের ছাঁদ ঢালাই প্রকল্পটি অর্ন্তভূক্ত করার এবং কান্দিগাঁও ইউপির ৫নং প্রকল্প মাঝমিরেরগাঁও মসজিদ উন্নয়ন এর পরিবর্তে মিরেরগাঁও নয়াপাড়া জামে মসজিদের উন্নয়ন প্রকল্পটি অর্ন্তভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় । | |
| স্বাস্থ্য বিভাগ | আলোচনাকালে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি জানান, মাংকিপক্স এর সংক্রমন বিভিন্ন দেশে বাড়ছে, তিনি সকলকে সাবধান থাকার ও স্বাস্থ্যবিধি মেনে চলার পরামর্শ প্রদান করেন । | ১.১)বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে । | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যান, সংশ্লিষ্ট সকল, সিলেট সদর, সিলেট । |
| মাধ্যমিক শিক্ষা বিভাগ | আলোচনাকালে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন, মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে । বন্যায় সিলেট সদর উপজেলা ৩৬টি শিক্ষা প্রতিষ্ঠানের বই ক্ষতিগ্রস্থ হয়েছে তাদের তালিকা করা হয়েছে ।অন্য স্কুল ও জেলা থেকে বই সংগ্রহ করে ঐ সকল স্কুলে বই বিতরণ করা হয়েছে । তিনি জানান অনেক স্কুল আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহার করা হয়েছে এতে অনেক সংস্কার কাজ করা প্রয়োজন ।সংস্কার কাজের জন্য বরাদ্দ প্রদানের অনুরোধ । তিনি আরোও জানান ১৫ সেপ্টেম্বর ২২ হতে এসএসসি পরীক্ষা শুরু হবে । তিনি তার দপ্তরে জনবল সংকটের বিষয় উপস্থাপন করেন এবং উক্ত সভার মাধ্যমে উর্দ্ধতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন । | ১.১) বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল । |
| প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত নির্ধারিত ছকে তথ্য দেওয়া হয়েছে, প্রতিটি স্কুলকে বই সমন্বয়ের জন্য বলা হয়েছে অন্যতায় উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর চাহিদা প্রেরণ করা হবে । এছাড়া সেপ্টেম্বরে বঙ্গমাতা বঙ্গবন্ধু সরকারি প্রাথমিক বিদ্যালয় ফুলবল টুর্নামেন্ট শুরু হবে । তিনি সকলের সহযোগিতা কামনা করেন । | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা,সিলেট সদর, সিলেট । |
| দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান আগামী ১০-১২ দিনের মধ্যে আবারো বন্যা হতে পারে মর্মে আবহাওয়া অধিদপ্তর বিজ্ঞপ্তি প্রকাশ করেছে । গত বন্যা থেকে প্রাপ্ত অভিজ্ঞতা কাজে লাগাতে হবে । কোন কোন গ্রাম বেশি ক্ষতিগ্রস্থ হবে তালিকা করতে হবে, গত বন্যায় দেখা গেছে আশ্রয়কেন্দ্র গুলো আগে পানির নিচে চলে যায় । নতুন আশ্রয়কেন্দ্রের তালিকা করতে হবে । আশ্রয়কেন্দ্রে সৌর প্যানেল স্থাপন করতে হবে ।স্যানিটেশন ব্যবস্থা গ্রহণ করতে হবে । দুর্যোগ ব্যবস্থাপনা মন্ত্রনালয় তথ্য সংগ্রহ শুরু করেছে, ত্রাণ বিতরণে তথ্য সংগ্রহ করতে হবে এবং মেডিকেল টিমের সাথে সমন্বয় রাখতে হবে । তিনি প্রতিটি ইউনিয়ন পরিষদ হতে একটি | ১.১ বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে<br>১.২) আবহাওয়া অধিদপ্তরের পূর্বাভাস অনুযায়ী সবাইকে সর্তক থাকতে হবে । নতুন আশ্রয়কেন্দ্র নির্বাচন ও নির্মাণ করতে হবে । আশ্রয়কেন্দ্রে সোলার প্যানেল, স্যানিটেশনের ব্যবস্থা গ্রহন করতে হবে, প্রতিটি ইউনিয়ন ও উপজেলায় একটি নৌকার ব্যবস্থা করতে হবে ।<br>১.৩) বজ্রপাত মোকাবেলায় হাওড় | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা/ ইউপি চেয়ারম্যান (সকল) |

| | | | |
|---|---|---|---|
| | ইঞ্জিন নৌকার ব্যবস্থা করার প্রস্তাব করেন ।<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, কিছুদিন আগে জালালাবাদ ও মোগলগাঁও ইউনিয়নে বর্জপাতে কয়েকজন মানুষ মারা গেছে, বর্জপাত মোকাবেলায় তালগাছ রোপন করা হয়েছে তা কবে বড় হবে কবে বজ্রপাত থেকে রক্ষা করবে । তিনি হাওড় অঞ্চলে যাত্রী ছাউনী মতো শেড নির্মাণের প্রস্তাব করেন ।<br>চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি বলেন, স্বরণকালে বয়াবহ বন্যা হয়েছে, তিনি আশ্রয়কেন্দ্র নির্মাণের প্রস্তাব করেন, তিনি সিলেট-১ আসনের মাননীয় সংসদ সদস্য ও মাননীয় মন্ত্রী মহোদয়ের সাথে আলাপ করে সদর উপজেলা কর্মসৃজন কর্মসূচী শুরু করার প্রস্তাব করেন ।<br>উপজেলা নির্বাহী অফিসার বলেন, বন্যা আশ্রয়কেন্দ্রে ব্রাক কিছু সোলার স্থাপন করবে, সরকার থেকে পর্যাপ্ত ত্রান এসেছে, তিনি সে জন্য মাননীয় প্রধানমন্ত্রীকে বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করেন ।বন্যায় নৌকার অভাব দেখা গেছে, তিনি ও ইউনিয়ন পরিষদ হতে প্রতিটি ইউনিয়নে একটি নৌকার ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন । কর্মসৃজন প্রকল্পের জন্য জেলা প্রশাসক মহোদয়ের মাধ্যমে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর যোগাযোগ করা হয়েছে, এ বছর সিলেটে কর্মসৃজন বরাদ্দ নাই। মুজিব কিল্লার জন্য প্রতিটি ইউনিয়নে ১ টি করে প্রস্তাব করা যেতে পারে । | অঞ্চলে যাত্রী ছাউনীর মতো শেড নির্মাণের প্রস্তাব উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয় ।<br>১.৪) কর্মসৃজন কর্মসূচী চালু করার প্রস্তাব প্রেরণ করতে হবে ।<br>১.৫) মুজিব কিল্লা নির্মাণ করার মতো জায়গা পাওয়াগেলে প্রস্তাব প্রেরণ করা যেতে পারে । | |
| পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর , সিলেট সভায় জানান বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান কৃষি বিভাগের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। সার বীজ এর পর্যাপ্ত মজুদ আছে । বন্যার পানি নামার পর রোপা আমন ধানের বীজ তলা তৈরী । ২ ধাপে ২১৬০ জন কৃষককে বীনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে । | ১.১। বিভাগীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | উপজেলা কৃষি কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| মৎস্য বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর, সিলেট বলেন, বর্তমানে জাতীয় মৎস সপ্তাহ চলছে আজ শেষ দিন কিন্তু দুঃখের বিষয় আমি কিছু জানি না ।জাতীয় মৎস সপ্তাহ উপলক্ষ্যে একটি মোবাইল কোর্ট পরিচালনা করার কথা কিন্তু উপজেলা মৎস কর্মকর্তা আমার সাথে কোন যোগাযোগ করেন নি । তিনি সিলেট সদর উপজেলার কোন কোন জায়গায় কি কি প্রোগ্রাম হয়েছে তার স্থির চিত্র দাখিলের প্রস্তাব করেন ।<br>আলোচনাকালে অদ্য সভার সভাপতি জানান তিনি ও জাতীয় মৎস সপ্তাহের বিষয়ে তিনি ও কিছু জানেন না ।<br>আলোচনাকালে ৩নং খাদিমনগর ইউপি চেয়ারম্যান চলতি ও বিগত বছর গুলোতে মৎস বিভাগের আওতায় কোন কোন জায়গায় কি কি প্রনোদনা বা প্রর্দশনী হয়েছে তার তথ্য দাখিলের জন্য প্রস্তাব করেন । | ১.১) সিলেট সদর উপজেলার কোন কোন জায়গায় কি কি প্রোগ্রাম হয়েছে তার স্থির চিত্র দাখিল করতে হবে ।<br>১.২) চলতিবছর ও বিগত বছরে মৎস বিভাগের আওতায় বাস্তবায়িত প্রনোদনা ও প্রর্দশনীর তথ্য দাখিল করতে হবে ।<br>১.৩) আগামীতে যে কোন জাতীয় প্রোগ্রাম হলে উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের সাথে সমন্বয় রাখতে হবে । | উপজেলা মৎস্য কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি। | ১.১)বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট |
| সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট জানান সমাজসেবা বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অনলাইনে ভাতা ভোগীদের আবেদন ১০ আগস্ট থেকে ১০ সেপ্টেম্বর২ ২০২২ পর্যন্ত চলবে । বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী মৃত ভাতা ভোগীদের তালিকা ইউনিয়ন পরিষদ সভার কার্যবিবরনী | ১.১) বিভাগীয় কার্যক্রমের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।<br>১.২) বয়স্ক, বিধবা, প্রতিবন্ধী মৃত ভাতা ভোগীদের তালিকা ইউনিয়ন পরিষদ সভার কার্যবিবরনী সহকারে অত্রাফিসে | উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশিষ্ট সকল, সিলেট সদর, |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | মোগলগাঁও | ১৪ | -- | | | |
| | কান্দিগাঁও | ১০ | ৫ | | | |
| বিবিধ-১ | (ক) আলোচনাকালে উপ সহাকারী প্রকৌশলী, সিলেট সদর, সিলেট বলেন, উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় উপজেলা পরিষদ হলরুমের জন্য সাউন্ড সিস্টেম ক্রয়ের ক্রয়ের লক্ষ্যে ৮০,০০০/-(আশি হাজার) টাকার সম্ভাব্য প্রাক্কলন উপস্থাপন করেন ।<br>(খ) আলোচনাকালে উপজেলা নির্বাহী অফিসার বলেন, সিলেট সদর উপজেলাকে ভূমিহীন গৃহহীন মুক্ত ঘোষনা করতে হবে । এ সংক্রান্ত ট্রাস্কফোর্স কমিটির সদস্য সচিব সহকারী কমিশনার(ভূমি) , শীঘ্রই সভা আহবান করা হবে । এছাড়া তিনি আরোও বলেন, সারাবিশ্বে ক্রাইসেস যাচ্ছে, ইউক্রেন রাশিয়া যুদ্ধ, ইউরোপের দাবানল এর জন্য দায়ী । তাই সবাইকে বিদ্যুৎ সাশ্রয় করতে হবে । রাত ৮.০০ টার পর সকল দোকান পাঠ বন্ধ রাখতে হবে ।<br>(গ) আলোচনাকালে ৩নং খাদিমনগর ইউপি চেয়ারম্যান বলেন, তাহার ইউনিয়নের গ্রাম পুলিশ ২ টি পদ শূণ্য এবং অন্যান্য ইউনিয়নেও এরকম শূন্য পদ আছে । তিনি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের প্রস্তাব করেন । | | | | ১.১) উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের আওতায় উপজেলা পরিষদ হলরুমের জন্য সাউন্ড সিস্টেম ক্রয়ের লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলন অনুমোদিত হয় ।<br>১.২) সিলেট সদর উপজেলাকে ভূমিহীন গৃহহীন মুক্ত ঘোষনা করার লক্ষ্যে সবাইকে একযোগে কাজ করতে হবে এবং বিদ্যুৎ সাশ্রয় করতে হবে ।<br>১.৩) গ্রামপুলিশ শূণ্য পদের বিপরীতে শীঘ্রই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। | মহিলা ভাইস. চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার, সদর, সিলেট । |

সভাপতির বক্তব্য:- আলোচনাকালে সভাপতি মহোদয় বলেন, সাম্প্রতিক বন্যার প্রথম দিন থেকে সরকার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ত্রান বিতরণ করছে ।মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা বন্যায় সিলেটে ত্রান নিয়ে এসেছেন, তিনি আসার পর বিভিন্ন ব্যক্তি সংস্থা ত্রান নিয়ে আসে এর আগে কেউ আসেনি ।করোনার কারনে সরাসরি সভা করার সুযোগ ছিল তারপরও জীবনের ঝুঁকিনিয়ে মাননীয় প্রধানমন্ত্রী আমাদের সিলেট এসেছেন । বন্যায় সকল জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তারা জনগনের দুয়ারে দুয়ারে ত্রান নিয়ে গেছেন । এ জন্য সবাই কে ধন্যবাদ জ্ঞাপন করেন । তিনি পররাষ্ট্র মন্ত্রী মহোদয়কে ধন্যবাদ জানান কারণ উনার প্রচেষ্টায় ৩০০ বান ঢেউটিন বরাদ্দ পাওয়া গেছে দ্রুত কৃষি, রাস্তাঘাট সংস্কারের ব্যবস্থা গ্রহণ করতে হবে ।তিনি স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরকে আধুনিক আশ্রয়কেন্দ্র নির্মাণের জন্য অনুরোধ জানান । তিনি আগামী সভায় পানি উন্নয়ন বোর্ডের একজন প্রতিনিধিকে উপস্থিত রাখার জন্য বলেন ।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আশফাক আহমদ
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
সিলেট সদর, সিলেট ।
তারিখ: ০৮/ ০৮/ ২০২২ খ্রিঃ।

স্মারক নং: ৪৬.৪৫.৯১৬২.০০০.০২.০০১.১৯. ০৬ (৫০)
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ।
১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ।
২। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট ।
৩। জেলা প্রশাসক, সিলেট ।
৪। মাননীয় পররাষ্ট্র মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব ।মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য ।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট ।
৭। উপজেলা ------------------------------------কর্মকর্তা (সংশ্লিষ্ট সকল), সিলেট সদর, সিলেট ।
৮। চেয়ারম্যান,------------------------------------ইউ/পি (সকল) সিলেট সদর, সিলেট ।
৯। জনাব/বেগম,--------------------সিলেট সদর, সিলেট ।
১০। অফিস নথি।

৮/৮/২২
নুসরাত আজমেরী হক
উপজেলা নির্বাহী অফিসার
সিলেট সদর, সিলেট ।

পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | জনাব মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট । |
| ০২) | মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট । |
| ০৩) | জনাব মোহাম্মদ ওবায়দুল্লাহ ইসহাক | চেয়ারম্যান, ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৪) | জনাব শফিকুজ্জামান | চেয়ারম্যান, ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৫) | জনাব দিলোয়ার হোসেন | চেয়ারম্যান, ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৬) | জনাব আলহাজ্ব শহিদ আহমদ | চেয়ারম্যান, ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৭) | জনাব হিরণ মিয়া | চেয়ারম্যান, ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৮) | জনাব মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান, ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৯) | মিজ্ মোছা: শিরিন আক্তার | সংরক্ষিত মহিলা সদস্য-আসন-০২, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। |
| ১০) | মিজ্ শিরিন আক্তার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১১) | জনাব ছমির উদ্দিন | সহকারী মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১১) | জনাব আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১২) | ডা: নীতি সিনহা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৩) | মিজ্ শামছুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট । |
| ১৪) | জনাব মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৫) | জনাব মো: সাইফুল আজম | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট । |
| ১৬) | জনাব গোলাম রাব্বানী মজুমদার | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ১৭) | জনাব আব্দুল জলিল তালুকদার | উপজেলা শিক্ষা অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১৮) | জনাব নুসরাত-এ-ইলাহী | উপজেলা সমাজসেবা অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ১৯) | জনাব বাবুল কুমার সাহা | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, সিলেট সদর, সিলেট । |
| ২০) | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২১) | জনাব লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। |
| ২২) | জনাব নিলুফার ইয়াসমিন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২৩) | জনাব অঞ্জন কুমার দাস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট । |
| ২৪) | জনাব রাজীব কুমার দাস | ইউডিএফ, সিলেট সদর, সিলেট । |
| ২৫) | জনাব মোহাম্মদ এমদাদুলল হক | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ২৬) | মিজ্ ফারজানা সিরাজ সুমি | উপজেলা প্রকল্প কর্মকর্তা, পল্লীপ্,বিআরডিবি সিলেট সদর, সিলেট । |
| ২৭) | মিজ্ রহিমা বেগম এনি | প্রতিনিধি, তথ্য সেবা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |

সভায় অনুউপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

| | | |
|---|---|---|
| ০১) | মিজ্ লাভলী বেগম | সংরক্ষিত মহিলা সদস্য-আসন-০৩, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। |
| ০২) | জনাব আফছর আহমদ | চেয়ারম্যান,৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট । |
| ০৩) | ডা: মোহাম্মদ আব্দুস শহিদ হোসেন | উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট । |
| ০৪) | জনাব জহিরুল ইসলাম | বিট কর্মকর্তা, খাদিমনগর বিট, সিলেট সদর, সিলেট । |

সিলেট সদর উপজেলা পরিষদের ৩৯ তম মাসিক সাধারণ সভায় উপস্থিতি স্বাক্ষর:- জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়। ২৮/০৭/২০২২

| ক্রমিক | নাম | পদবী/ঠিকানা | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মিল্লাত আহমদ চৌধুরী | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট। | |
| ২ | মোছা: শামীমা আক্তার | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিলেট সদর, সিলেট | 28.07.22 |
| ৩ | মোহাম্মদ ওবায়দুল্লাহ ইসহাক | চেয়ারম্যান ১নং জালালাবাদ ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৪ | রফিকুজ্জামান | চেয়ারম্যান ২নং হাটখোলা ইউপি, সিলেট সদর, সিলেট। | 28.07.22 |
| ৫ | দিলোয়ার হোসেন | চেয়ারম্যান ৩নং খাদিমনগর ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৬ | আফছর আহমদ | চেয়ারম্যান ৪নং খাদিমপাড়া ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৭ | আলহাজ্ব শহীদ আহমদ | চেয়ারম্যান ৬নং টুকেরবাজার ইউপি, সিলেট সদর, সিলেট। | |
| ৮ | হিরণ মিয়া | চেয়ারম্যান ৭নং মোগলগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। | 28/7/22 |
| ৯ | মো: আব্দুল মনাফ | চেয়ারম্যান ৮নং কান্দিগাঁও ইউপি, সিলেট সদর, সিলেট। | 28.07.2022 |
| ১০ | মোছা: শিরিন আক্তার | সংরক্ষিত মহিলা সদস্য আসন-২, সিলেট সদর, সিলেট। | 28.07.2022 |
| ১১ | মোছা: লাভলী বেগম | সংরক্ষিত মহিলা সদস্য আসন-৩, সিলেট সদর, সিলেট। | |
| ১২ | শিরিন আক্তার | উপজেলা কৃষি অফিসার, সিলেট সদর, সিলেট। | 28.07.2022 |
| ১৩ | ডা: শহীদুল ইসলাম | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৪ | দ্বিজরাজ বর্মন | সিনিয়র উপজেলা মৎস কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | AFO |
| ১৫ | আবুল মনসুর আসজাদ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৬ | ডা: আহমদ সিরাজুম মুনীর<br>ডা: নীতি সিনহা | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট।<br>মেডিকেল অফিসার, MHO, সদর, সিলেট | Niti Sinha |
| ১৭ | শামচুন্নাহার | প্রোগ্রাম অফিসার, মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট। | |
| ১৮ | মুহাম্মদ হিরণ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ১৯ | মো: সাঈফুল আজম | উপজেলা প্রকৌশলী, সিলেট সদর, সিলেট। | |
| ২০ | গোলাম রাব্বানী মজুমদার | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২১ | মো: আব্দুল জলিল তালুকদার | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২২ | নুসরাত -এ-ইলাহী | উপজেলা সমাজ কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৩ | ~~[illegible]~~<br>বাবুল কুমার ধর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৪ | মোহাম্মদ মনির হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ২৫ | মোহাম্মদ লায়েছ মিয়া তালুকদার | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), সিলেট সদর, সিলেট। | |
| ২৬ | নিলুফা ইয়াসমিন | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | 28/7/2022 |
| ২৭ | অঞ্জন কুমার দাস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট সদর, সিলেট। | |
| ২৮ | তানিয়া ইয়াসমিন | সিনিয়র অফিসার, পল্লী সঞ্চয় ব্যাংক, সিলেট সদর, সিলেট। | |
| ২৯ | রাজীব কুমার দাস | ইউডিএফ, সিলেট সদর, সিলেট। | 28/07/22 |
| ৩০ | মোহাম্মদ এমদাদুল হক | উপজেলা নির্বাচন কর্মকর্তা, সিলেট সদর, সিলেট। | |
| ৩১ | মো: জহিরুল ইসলাম | বিট কর্মকর্তা, খাদিমনগর বিট, সিলেট সদর, সিলেট। | |
| ৩২ | উজ্জল কুমার সিংহ | উপজেলা ব্যবস্থাপক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন, সিলেট সদর, সিলেট। | |